একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নোয়াখালী সদর, নোয়াখালী
www.sadar.noakhali.gov.bd

## অস্থায়ী গবাদি পশুর বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

আসন্ন ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষ্যে নোয়াখালী সদর উপজেলাধীন নিম্নবর্ণিত স্থানে অস্থায়ীভাবে গবাদী পশুর বাজার অনুষ্ঠিত হবে। উক্ত বাজারসমূহ হতে সরকার নির্ধারিত হারে টোল আদায়ের জন্য ইজারা দেয়ার উদ্দেশ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে নিম্নোক্ত শর্ত মোতাবেক দরপত্র আহবান করা যাচ্ছে।

২। অস্থায়ীভাবে গবাদী পশুর বাজার সমূহের তালিকা, সংশ্লিষ্ট ইউনিয়নের নাম এবং সিডিউল মুল্য নিম্নরুপ

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | হাট বাজারের নাম | দরপত্রের মূল্য |
|---|---|---|---|
| ০১ | ০৩ নং নোয়ান্নই ইউনিয়ন | ইসলামগঞ্জ বাজার সংলগ্ন মাঠ | ৫০০/- |
| ০২ | ০৫ নং বিনোদপুর ইউনিয়ন | নলপুর স্কুল সংলগ্ন মাঠ | ৫০০/ |
| ০৩ | ০৬ নং নোয়াখালী ইউনিয়ন | নোয়াখালী ইউনিয়ন পরিষদ (সাবেক) মাঠ | ৫০০/ |
| ০৪ | | ডাক্তার বাজার সংলগ্ন মাঠ | ৫০০/ |
| ০৫ | ০৭ নং ধর্মপুর ইউনিয়ন | চৌমুহনী বাজার সংলগ্ন মাঠ | ৫০০/ |
| ০৬ | | পূর্ব শুল্লকিয়া মুকবুল আহম্মদ মিয়াজী পাড়া মাঠ | ৫০০/ |
| ০৭ | ০৮ নং এওজবালিয়া ইউনিয়ন | বাঁধের হাট সংলগ্ন মাঠ | ৫০০/ |
| ০৮ | | মমিন নগর ইউনিয়ন পরিষদ মাঠ | ৫০০/ |
| ০৯ | | মান্নান নগর চৌরাস্তা বাজার সংলগ্ন মাঠ | ৫০০/ |
| ১০ | | হানিফ রোড বাজার সংলগ্ন অস্থায়ী মাঠ | ৫০০/ |
| ১১ | ০৯ নং কালাদরাপ ইউনিয়ন | নুরু পাটোয়ারী হাট সংলগ্ন মাঠ | ৫০০/ |
| ১২ | ১০ নং অশ্বদিয়া ইউনিয়ন | মৌলভী বাজার সংলগ্ন মাঠ | ৫০০/ |
| ১৩ | ১১ নং নেয়াজপুর ইউনিয়ন | কাশেম বাজার সংলগ্ন মাঠ | ৫০০/ |
| ১৪ | | দানা মিয়ার বাজার সংলগ্ন মাঠ | ৫০০/ |

৩। **সিডিউল প্রাপ্তির স্থান ঃ** (ক) জেলা প্রশাসক, নোয়াখালী এর কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী এর কার্যালয়, (গ) সহকারী কমিশনার (ভূমি), নোয়াখালী সদর, নোয়াখালী এর কার্যালয় এবং (ঘ) সুধারাম মডেল থানা, নোয়াখালী।

৪। **সিডিউল দাখিল/জমা দেয়ার স্থান ঃ** (ক) জেলা প্রশাসক, নোয়াখালী এর কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী এর কার্যালয়।

০৫। **সিডিউল ক্রয়, সিডিউল দাখিল ও খোলার সময়সূচী ঃ**

| পর্যায় | দরপত্র ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান |
|---|---|---|---|
| ১ম ডাক | ২৭-০৬-২০২২ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৭-০৬-২০২২ খ্রি. সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ২৭-০৬-২০২২ খ্রি. অপরাহ্ন ৩.০০ টা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী। |
| ২য় ডাক | ৩০-০৬-২০২২ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ৩০-০৬-২০২২ খ্রি. সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ৩০-০৬-২০২২ খ্রি. অপরাহ্ন ৩.০০ টা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী। |

**শর্তাবলী ঃ**

১। অনুমোদিত বাজারের নাম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নোটিশ বোর্ডে প্রদর্শন করা হবে।

২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, নোয়াখালী সদর, নোয়াখালী এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা অস্থায়ী বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে এবং অব্যবহৃত টাকা জামাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহিত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ১ (এক) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একইসংগে পরিশোধ করতে হবে অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত বলিয়া গণ্য হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর অনুমোদিত না হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত মহলের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকারের অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না।

৮। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন।

৯। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে।

১০। ইজারার স্হান ব্যবহারকালে জনবসতি, পার্শ্ববর্তী সড়ক ও যোগাযোগ ব্যবস্হায় কোনরূপ ভোগান্তি না হয় সেরূপ ব্যবস্হা গ্রহণ করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে।

১২। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৩। পশু ক্রয়/বিক্রয়ের জন্য ইজারার মেয়াদ ঈদের পূর্বে ০১ (এক) দিন। ইজারাদার নিজ খরচে বাজারের স্বাস্থ্য সম্মত উপায়ে পরিষ্কার পরিচ্ছন্ন করবেন এবং এ সমস্ত কাজ নিজ ব্যয়ে সম্পন্ন করবেন।

১৪। শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, রেললাইন, সড়ক/মহাসড়কের সন্নিকটে ইত্যাদি জনগুরুত্বর্পূণ স্হানে পশুর হাট বসানো যাবে না।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

26.06.2022

নিজাম উদ্দিন আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
নোয়াখালী সদর, নোয়াখালী
ফোনঃ ০৩২১-৬১০৯৫
ফ্যাক্সঃ ০৩২১-৬১২৯৭
email: unonoakhali@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪২.৭৫৮৭.০০০.৫১.০০১.১৯- ৬৮৫ তারিখ- ২৩-০৬-২০২২ খ্রি.

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থেঃ

০১। জেলা প্রশাসক, নোয়াখালী

০২। উপপরিচালক, স্হানীয় সরকার, নোয়াখালী

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নোয়াখালী সদর, নোয়াখালী

জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলোঃ

০৪। সহকারী কমিশনার (ভূমি), নোয়াখালী সদর, নোয়াখালী

০৫। চেয়ারম্যান, ....... নং ...............................ইউনিয়ন পরিষদ, নোয়াখালী সদর, নোয়াখালী। তাঁর এলাকাধীন বাজার সমূহে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার ও নোটিশ বোর্ডে টাঙ্গানোর জন্য অনুরোধ সহকারে বিজ্ঞপ্তির ৫(পাঁচ) কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ............................ ইউনিয়ন ভূমি অফিস, নোয়াখালী সদর, নোয়াখালী। তাঁর এলাকাধীন বাজারসমূহে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারক্রমে জারীর প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৭ । অফিস কপি

26.08.2022

উপজেলা নির্বাহী অফিসার
নোয়াখালী সদর, নোয়াখালী